

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ
(NTRCA)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
৩৭/৩/এ, ইস্টার্ন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।
www.ntrca.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০৫.০০০০.০০০.০১০.০৫.০০০৩.২৬.১০৯৬

তারিখ: ১৯ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ
০৪ অক্টোবর ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: শুনানীতে অংশগ্রহণ প্রসঙ্গে।

সূত্র: জনাব অপূর্ব কুমার শিকারী ০৩/০৯/২০২৬ তারিখে '৩য় শিক্ষক নিবন্ধন সনদ পুনঃযাচাই এবং বিগত ১৮ মে ২০২৬ খ্রি. তারিখের ৩৭.০৫.০০০০.০০০.০১০.০৫.০০০৩.২৬.৫৬০ সংখ্যক স্মারকে প্রত্যয়নপত্র যাচাই প্রতিবেদনের চিঠি প্রত্যাহার সংক্রান্ত' দাখিলকৃত আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রধান শিক্ষক, মালিখালী বালিকা মাধ্যমিক বিদ্যালয়, সাচিয়া, নাজিরপুর, পিরোজপুর ১০/০৯/২০২৬ তারিখে একটি পত্র প্রেরণের মাধ্যমে উল্লেখ করেছেন যে, 'তার প্রতিষ্ঠানের সহকারী শিক্ষক (জীববিজ্ঞান) অপূর্ব কুমার শিকারীর সনদ যাচাই সংক্রান্ত ১৫/০৪/২০২৬ খ্রি. তারিখের পত্র তার অফিস থেকে প্রেরণ করা হয়নি। অধিকন্তু, তাঁর কার্যালয়ের মা.বা.মা.বি.প্র.১৩/২৬ সংখ্যক স্মারকে তিনি ০৯/০৭/২০২৬ খ্রি. তারিখে জনাব অপূর্ব কুমার শিকারীর সনদ যাচাইয়ের জন্য পত্র প্রেরণ করেন। উক্ত পত্রের প্রেক্ষিতে অপূর্ব কুমার শিকারীর প্রত্যয়নপত্রটি জাল ও ভুয়া পাওয়া যায় যা এ কার্যালয়ের ০২/০৮/২০২৬ তারিখের ৩৭.০৫.০০০০.০০০.০১০.০৫.০০০৩.২৬.৮৪৯ সংখ্যক স্মারক মূলে যাচাই প্রতিবেদন পত্র প্রেরণ করা হয়।

এমতাবস্থায়, জনাব অপূর্ব কুমার শিকারী ০৩/০৯/২০২৬ তারিখে একটি পত্র প্রেরণের মাধ্যমে ৩য় শিক্ষক নিবন্ধন সনদ পুনঃযাচাই এবং বিগত ১৮ মে ২০২৬ খ্রি. তারিখের ৩৭.০৫.০০০০.০০০.০১০.০৫.০০০৩.২৬.৫৬০ সংখ্যক স্মারকে প্রত্যয়নপত্র যাচাই প্রতিবেদনের চিঠি বাতিলের আবেদন করেন। তিনি বলেন যে সূত্রস্থ পত্রের মাধ্যমে তিনি জানতে পারেন তার নিবন্ধন সনদটি জাল/ভুয়া। তিনি দাবি করেন যে, তিনি নিজে পরীক্ষায় অংশগ্রহণ করে বৈধভাবে উত্তীর্ণ হয়েছেন এবং তার মূল সনদ, এ্যাডমিট কার্ডসহ সব তথ্য শতভাগ সঠিক।

বর্ণিতাবস্থায়, জনাব অপূর্ব কুমার শিকারী-কে নিম্নবর্ণিত কাগজপত্রাদির এক সেট সত্যায়িত অনুলিপি সহ আগামী ১৩/১০/২০২৬ খ্রি. তারিখে নিম্নস্বাক্ষরকারীর অফিস কক্ষে শুনানীতে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

- (ক) শিক্ষক নিবন্ধন পরীক্ষার মূল প্রত্যয়নপত্র,
- (খ) শিক্ষক নিবন্ধন পরীক্ষার মূল প্রবেশপত্র,
- (গ) নিয়োগপত্র,
- (ঘ) যোগদানপত্র
- (ঙ) জাতীয় পরিচয়পত্র
- (চ) শিক্ষাগত যোগ্যতার সকল মূল সনদপত্র।

০৪-১০-২০২৬

মোহাম্মদ মনজুরুল হাসান
পরিচালক (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন)

ফোন : ০২-৪১০৩০১২৪

ইমেইল : director_exam@ntrca.gov.bd

জনাব অপূর্ব কুমার শিকারী পিতা: অমূল্য কুমার শিকারী সহকারী শিক্ষক (জীব বিজ্ঞান)
মালিখালী বালিকা মাধ্যমিক বিদ্যালয়, উপজেলা: নাজিরপুর জেলা: পিরোজপুর।

স্মারক নম্বর: ৩৭.০৫.০০০০.০০০.০১০.০৫.০০০৩.২৬.১০৯৬/১ (৫)

তারিখ: ১৯ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ
০৪ অক্টোবর ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। জেলা শিক্ষা অফিসার, জেলা: পিরোজপুর।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা: নাজিরপুর জেলা: পিরোজপুর।
- ৪। সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (পত্রটি এনটিআরসিএ- এর ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।
- ৫। পি.এ টু চেয়ারম্যান, চেয়ারম্যান এর দপ্তর, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।



AK Rahman

০৪-১০-২০২৬

ড. এস এম আতিয়ার রহমান
সহকারী পরিচালক (পরীক্ষা মূল্যায়ন ও
প্রত্যয়ন-৩)